# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৬৯০ তারিখ: ১৬/০৮/২০২৬

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদন ১৮ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৫ আগস্ট ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় যে সকল আবেদনকারী উত্তীর্ণ হয়েছে কিন্তু ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) ১ম/২য়/কোটা/১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ স্লিপে আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম/২য়/কোটা/১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ২০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে রিলিজ স্লিপে আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus (Honours)/Important Notice** অপশন থেকে জানা যাবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | আবেদনের তারিখ |
|---|---|---|
| ১) | ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ:<br>ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ ২য় রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।<br>খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক **College Selection Option** এ গিয়ে যে কোন কলেজ **Select** করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে হবে।<br>গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না ।<br>ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ স্লিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। | ১৮/০৮/২০২৬<br>থেকে<br>২৫/০৮/২০২৬ |

১৬.০৮.২০২৬
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৬৯০ তারিখ: ১৬/০৮/২০২৬

অনুলিপি ঃ
১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

Manik ১৬.০৮.২০২৬
(মোঃ মাহবুবুর রহমান)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষাবিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল: **adm.hons@nu.ac.bd**